[redacted]

[redacted]

দেশের মানুষ নতুন করে স্বাধীনভাবে মতপ্রকাশ ও কথা বলার সুযোগ পেয়েছে।

অনুষ্ঠানের শেষে গত ৪ আগস্ট আয়োজিত কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।

এ সময় বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সরকারি কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিক, সুধীজন, শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ভিবিডির উদ্যোগে ৩০০টির বেশি চারা রোপণ ও বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভলান্টিয়ার ফর বাংলাদেশ (ভিবিডি), মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে পরিবেশ সচেতনতা বিষয়ক আলোচনা সভা, ৩০০টির বেশি গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৩ আগস্ট) অনুষ্ঠিত এ কর্মসূচিতে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেলিম হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভলান্টিয়ার ফর বাংলাদেশ (ভিবিডি), মেহেরপুর জেলা শাখার সভাপতি সৈয়দ মাফুজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভিবিডি মুজিবনগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক মুনতাসির মাহমুদ, মানবসম্পদ বিষয়ক সম্পাদক রায়হান কবির এবং সংগঠনের প্রজেক্ট অফিসার মোহাম্মদ রোকন। এছাড়া সদস্য মারুফ হোসেন, শাফিউল ইসলাম ও লিমন হোসেন, বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোহাম্মদ চাঁদ আলী ও শফিকুল ইসলামসহ প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

প্রধান শিক্ষক সেলিম হোসেন বলেন, “শিক্ষার্থীরা যদি ছোটবেলা

থেকেই একটি গাছকে নিজের হাতে বড় হতে দেখে, তাহলে প্রকৃতির প্রতি তাদের দায়িত্ববোধ এমনিতেই তৈরি হয়। এই উদ্যোগ আমাদের বিদ্যালয়ের জন্য একটি স্থায়ী শিক্ষা হয়ে থাকবে।”

ভিবিডির উপজেলা শাখার সাধারণ সম্পাদক মুনতাসির মাহমুদ বলেন, “একটি শিশু যখন নিজের হাতে একটি চারা রোপণ করে, তখন সে কেবল একটি গাছ লাগায় না; নিজের ভবিষ্যতের সঙ্গে প্রকৃতির একটি সম্পর্ক গড়ে তোলে। এই সম্পর্কই একদিন তাকে দায়িত্বশীল নাগরিক হয়ে উঠতে সহায়তা করবে।”

আলোচনা সভা শেষে বিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষার্থীদের অংশগ্রহণে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়। পরে শিক্ষার্থীদের মাঝে মোট ৩০০টির বেশি গাছের চারা বিতরণ করা হয়।

জুলাই গণঅভ্যুত্থান দিবস উদযাপন উপলক্ষে মুজিবনগরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও সর্বস্তরের মানুষের অংশগ্রহণ নিশ্চিত করে আগামী ৫ আগস্ট ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ উদযাপনের লক্ষ্যে মেহেরপুরের মুজিবনগরে এক প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় উপজেলা প্রশাসনের উদ্যোগে দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

রবিবার (২ আগস্ট) দুপুরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু শাহমা।

সভায় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক, শিক্ষাবিদ, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি এবং সুশীল সমাজের সদস্যরা অংশগ্রহণ করেন। উপস্থিত সকলের মতামত ও পরামর্শের ভিত্তিতে দিবসটি যথাযোগ্য

মুজিবনগরে ইউনিয়ন বিএনপির জনসভা

বর্তমান সরকারের সফলতা এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্বাচনী প্রতিশ্রুতি ও অঙ্গীকার জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে মেহেরপুরের মুজিবনগরে জনসভার আয়োজন করেছে বাগোয়ান ইউনিয়ন বিএনপি।
বৃহস্পতিবার বিকেলে উপজেলার আনন্দবাস বাজার প্রাঙ্গণে এ জনসভার আয়োজন করা হয়।

বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ইসলাম আলীর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মশিউর রহমান।

এ সময় আরও বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জালাল উদ্দীন বিশ্বাস ও হারুন উর রশিদ, উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মান্জারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান মাস্টার, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি রেজাউল ইসলাম এবং বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক কাশেম আলী মণ্ডলসহ স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের জেলা পর্যায়ের প্রতিযোগীতার উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী খেলায় মুজিবনগর উপজেলাকে ৪-১ গোলে হারিয়ে সদর উপজেলা একাদশ ফাইনালে উঠেছে। আগামী ১ আগষ্ট শনিবার ফাইনালে ২য় খেলার বিজয়ী দলের মুখোমুখি হবে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা স্টেডিয়ামে প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থপ্রতিম শীল, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. নজরুল কবীর, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ও উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ উদ্দিন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রাকিবুল হাসান, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, এস্তামুল হক ও ভুবন চন্দ্র হালদার এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান।

উদ্বোধনী ম্যাচে মেহেরপুর সদর উপজেলা ৪-১ গোলে মুজিবনগর উপজেলাকে পরাজিত করে টুর্নামেন্টে শুভ সূচনা করে। বিজয়ী দলের পক্ষে হিমেল জোড়া গোল করেন। এছাড়া কিরণ ও মিরাজ একটি করে গোল করেন। মুজিবনগর উপজেলার পক্ষে একমাত্র গোলটি করেন সাকিব।

দুর্দান্ত নৈপুণ্য প্রদর্শনের জন্য হিমেল ম্যাচ সেরা (ম্যান অব দ্য ম্যাচ) নির্বাচিত হন। তার অসাধারণ পারফরম্যান্সে মেহেরপুর সদর উপজেলা বড় জয় নিয়ে টুর্নামেন্টে যাত্রা শুরু করে।

মেঘলা আবহাওয়া সত্ত্বেও জেলা স্টেডিয়ামের গ্যালারিতে দর্শকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। উদ্বোধনী অনুষ্ঠান ও ম্যাচ ঘিরে ফুটবলপ্রেমীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে।

অভিযুক্ত ইউনিয়ন পরিষদের হেফাজতেই বীজ সংরক্ষণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ১ নম্বর দারিয়াপুর ইউনিয়ন পরিষদে কৃষি প্রণোদনার পাটবীজ বিতরণ না করে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

গতকাল বুধবার বিকেলে দারিয়াপুর গ্রামের দক্ষিণপাড়ায় ১১ বস্তা, মোট ৫৫০ প্যাকেট (প্রতি প্যাকেট ১ কেজি) পাটবীজ ভ্যানে করে নিয়ে যাওয়ার সময় স্থানীয় জনতা পথরোধ করে।

অভিযোগ অনুযায়ী, চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বোয়ালমারী গ্রামের বীজ ব্যবসায়ী আফতাব আলী ইউনিয়ন পরিষদের সচিব কামরুজ্জামানের কাছ থেকে প্রতি কেজি ২৫ টাকা দরে এসব বীজ ক্রয় করেন।

স্থানীয় কৃষকদের অভিযোগ, ইউনিয়ন পরিষদ থেকে পাটবীজ বিতরণের বিষয়ে তাদের কোনো ধরনের অবহিত করা হয়নি। কৃষকদের মধ্যে বিতরণ না করে সরকারি প্রণোদনার বীজ বিক্রি করে দেওয়া হয়েছে বলে তারা দাবি করেন। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

অভিযোগের বিষয়ে ইউনিয়ন পরিষদের সচিব কামরুজ্জামান বলেন, পাটবীজের সঙ্গে সার না থাকায় কৃষকরা বীজ নিতে পরিষদে আসেননি। পরে বীজের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় প্রশাসকের অনুমতি সাপেক্ষে সেগুলো বিক্রি করা হয়েছে।

তবে দারিয়াপুর ইউনিয়ন পরিষদের প্রশাসক ও উপজেলা পরিসংখ্যান

কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, বীজ বিক্রির বিষয়ে সচিব তাকে কিছু জানাননি। বীজ বিক্রির সময় তিনি ইউনিয়ন পরিষদে উপস্থিতও ছিলেন না এবং বিষয়টি সম্পর্কে তার কোনো পূর্বজ্ঞান ছিল না।

এ বিষয়ে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা রাশেদুজ্জামান আনুষ্ঠানিকভাবে কোনো মন্তব্য করতে রাজি হননি।

ঘটনাস্থলে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার উপপরিদর্শক কামরুজ্জামান জিয়া। তবে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, বীজ জব্দ করা হয়নি। এ বিষয়ে ইউনিয়নের প্রশাসক ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাই ভালো বলতে পারবেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা জানান, জেলা পাট উন্নয়ন কর্মকর্তা ঘটনাস্থলে উপস্থিত হয়ে বীজগুলো ইউনিয়ন পরিষদের প্রশাসকের জিম্মায় সংরক্ষণের সিদ্ধান্ত দেন।

এদিকে, যে ইউনিয়ন পরিষদকে কেন্দ্র করে বীজ বিক্রির অভিযোগ উঠেছে, সেই ইউনিয়ন পরিষদের প্রশাসকের কাছেই বীজ সংরক্ষণের সিদ্ধান্ত নেওয়ায় স্থানীয়দের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। অভিযোগের নিরপেক্ষ তদন্ত নিশ্চিত করতে বীজ অন্য কোনো সরকারি দপ্তর বা থানার হেফাজতে রাখা উচিত ছিল কি না—এ নিয়েও আলোচনা চলছে।

অসহায় জীবন কাটাচ্ছেন প্রতিবন্ধী সজীব

মাত্র ২১ বছর বয়সে বদলে যায় সজীবের জীবন। এক সুবহে সাদিকের সময় ঘুম থেকে উঠে তিনি অনুভব করেন, শরীরে আর কোনো শক্তি নেই। সেই থেকেই শুরু হয় তার প্রতিবন্ধী জীবন।

সুস্থ হওয়ার আশায় যশোর, রাজশাহী ও ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে চিকিৎসা নিলেও তার অবস্থার স্থায়ী কোনো উন্নতি হয়নি। চিকিৎসকদের মতে, তাকে আমৃত্যু ওষুধ সেবন করতে হবে। এরই মধ্যে তার

শরীরের বিভিন্ন স্থানে ঘা-পাচড়ার মতো অজ্ঞাত একটি রোগও দেখা দিয়েছে, যা তার দুর্ভোগ আরও বাড়িয়ে দিয়েছে।

শারীরিক প্রতিবন্ধকতা ও দারিদ্র্যের কারণে ভেঙে পড়েছে তার পারিবারিক জীবনও। দীর্ঘদিন আগেই স্ত্রী তাকে ছেড়ে চলে গেছেন। বর্তমানে তিনি অন্যের সহযোগিতার ওপর নির্ভর করেই জীবনযাপন করছেন।

সরকারি প্রতিবন্ধী কার্ড পাওয়ার আশায় নিজেকে প্রতিবন্ধী হিসেবে আবেদন করেছিলেন সজীব। কিন্তু আবেদন করার প্রায় তিন বছর পেরিয়ে গেলেও উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ের চূড়ান্ত তালিকায় তার নাম অন্তর্ভুক্ত হয়নি।

সর্বশেষ দারিয়াপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য রাসেল আহমেদকে সঙ্গে নিয়ে তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে যান। এ বিষয়ে ইউপি সদস্য রাসেল আহমেদ বলেন, প্রতিবন্ধী কার্ড না হওয়ার কারণ জানতে চাইলে ইউনিয়ন সমাজকর্মী রবিউল ইসলাম জানান, বিষয়টি সম্পর্কে উপজেলা সমাজসেবা কর্মকর্তাই বিস্তারিত বলতে পারবেন।

এ বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসানের কাছে আবেদনটি বাতিল হওয়ার কারণ এবং প্রতিবন্ধী ভাতার পে-রোলে নাম অন্তর্ভুক্তির বিষয়ে জানতে চাইলে তিনি আনুষ্ঠানিক কোনো বক্তব্য দিতে রাজি হননি।

এদিকে সজীবের মানবিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে সুশাসনের জন্য নাগরিক (সুজন)। সংগঠনটির দাবি, সজীবের শারীরিক অবস্থা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে তিনি যদি প্রতিবন্ধী সনদের যোগ্য হন, তবে দ্রুত তার নামে প্রতিবন্ধী সনদ ও কার্ড প্রদানের উদ্যোগ নেওয়া উচিত।

[redacted]

[redacted]

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা যায়, এ কর্মসূচির মাধ্যমে উপজেলার তালিকাভুক্ত প্রকৃত কৃষকদের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন শাকসবজির বীজ এবং প্রয়োজনীয় রাসায়নিক সার বিতরণ করা হচ্ছে, যা এলাকার কৃষি উৎপাদন বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

উল্লেখ্য, কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ১ হাজার ৫০০ জন কৃষকের মাঝে সাত প্রকারের বিভিন্ন সবজির বীজ, ১৫ কেজি টিএসপি এবং ১৫ কেজি ডিএপি রাসায়নিক সার বিতরণ করা হবে।

মুজিবনগরে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার রোধে আলোচনা সভা

সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচার বিস্তারের প্রেক্ষাপটে মেহেরপুরের মুজিবনগরে এক গুরুত্বপূর্ন আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

২৭ জুলাই (সোমবার) বেলা ১১:০০ টায় মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে উপজেলা প্রশাসনের আয়োজনে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাইফুল হুদা। এতে উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ এবং সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ অংশ নেন।

আলোচনা সভায় সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা বলেন, “বর্তমান ডিজিটাল যুগে সামাজিক যোগাযোগমাধ্যম তথ্য আদান-প্রদানের বড় মাধ্যম হলেও, কিছু অসাধু মহল এর অপব্যবহার করে সমাজে বিভ্রান্তি ও বিশৃঙ্খলা সৃষ্টি করছে। কোনো তথ্য যাচাই-বাছাই না করে শেয়ার করা বা গুজব ছড়ানো অপরাধের সামিল।”

তিনি আরও বলেন, “সামাজিক শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সরকারি

কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিত্ব ও সুশীল সমাজের প্রতিনিধিদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। সাধারণ মানুষ যাতে বিভ্রান্তিকর তথ্যে কান না দেয়, সে বিষয়ে আমাদের সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সচেতনতা তৈরিতে কাজ করে যেতে হবে।”

আলোচনা সভায় বক্তারা বলেন, বর্তমান সময়ে সামাজিক যোগাযোগমাধ্যম যেমন যোগাযোগের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, তেমনি একটি চক্র সেখানে ভুল ও বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে সমাজে অস্থিতিশীলতা ও বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে। এই ধরনের অপপ্রচার রোধ করতে সরকারি কর্মকর্তা, রাজনৈতিক নেতৃত্ব ও সুশীল সমাজকে সচেতন থেকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।
সভায় অংশগ্রহণকারী বক্তারা গুজবে কান না দেওয়ার জন্য সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করা এবং সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে দায়িত্বশীলতা বজায় রাখার আহ্বান জানান।

এ সময় উপস্হিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উত্তম কুমার দাশ,মেহেরপুর জেলা বিএনপি র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,জামায়াত ইসলামের মুজিবনগর উপজেলা আমির খাঁনজাহান আলী, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা:হারিছুল আবিদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স।

যোগাযোগ ব্যবস্থার বেহাল দশায় মুজিবনগরের শিবপুর কমিউনিটি ক্লিনিক, দুর্ভোগে মা ও শিশু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামের ৫ নম্বর ওয়ার্ডে ভৈরব নদীর তীরে অবস্থিত শিবপুর কমিউনিটি ক্লিনিকটি অবকাঠামোগত সংকট ও বেহাল যোগাযোগ ব্যবস্থার কারণে চরম দুর্ভোগের মধ্যে রয়েছে। বিশেষ করে গর্ভবতী নারী, নবজাতক

শিশু এবং সাধারণ রোগীদের যাতায়াতে প্রতিনিয়ত ভোগান্তি পোহাতে হচ্ছে।

স্থানীয়দের অভিযোগ, ক্লিনিকটির কোনো সীমানা প্রাচীর নেই। ক্লিনিক চত্বরে একটি ইটের স্তুপ ও এক গৃহস্থের গোলাবাড়ি থাকায় প্রতিষ্ঠানের নিরাপত্তা ও সৌন্দর্য দুটিই ব্যাহত হচ্ছে।

ক্লিনিকটির পাশে একটি মাদ্রাসা, অদূরে বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। তবে এসব প্রতিষ্ঠানে যাতায়াতের সড়কের অবস্থাও অত্যন্ত নাজুক। ক্লিনিকের পশ্চিম পাশে সপ্তাহে দুই দিন হাট বসলেও হাটের স্থানটি প্রায়ই জলমগ্ন থাকে। এছাড়া ক্লিনিক থেকে পূর্ব দিকে শিবপুর বড় মসজিদমুখী এইচবিবি সড়কটি ভাঙাচোরা এবং বিশ্বনাথপুরমুখী সড়কটি বৃষ্টি হলে পানি ও কাদায় চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। ফলে ক্লিনিক, শিক্ষা প্রতিষ্ঠান ও স্থানীয় বাসিন্দাদের যাতায়াতে চরম দুর্ভোগ সৃষ্টি হচ্ছে।

শিবপুর কমিউনিটি ক্লিনিকের কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) আসমা খাতুন বলেন, “ক্লিনিকের অরক্ষিত পরিবেশ এবং বেহাল যোগাযোগ ব্যবস্থা নিয়ে আমরা উদ্বিগ্ন। প্রতিদিন চিকিৎসা নিতে আসা রোগীদের, বিশেষ করে গর্ভবতী নারী ও শিশুদের, দুর্ভোগ দেখে খারাপ লাগে।”

এলাকাবাসীর দাবি, গ্রামীণ স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে শিবপুর কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নির্মাণের পাশাপাশি আশপাশের সড়ক দ্রুত সংস্কারে উপজেলা প্রশাসনের জরুরি উদ্যোগ নেওয়া প্রয়োজন।